

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৬৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮২. তাশাহ্হদ পাঠ

باب التَّشَهُّدِ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، أَخْبَرَنَا يَحْيَى، عَنْ سُلَيْمَانَ الأَعْمَشِ، حَدَّثَنِي شَقِيقُ بْنُ سَلَمَةَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُودٍ، قَالَ كُنَّا إِذَا جَلَسْنَا مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي الصَّلَاةِ قُلْنَا السَّلَامُ عَلَى اللهِ قَبْلَ عِبَادِهِ السَّلَامُ عَلَى فُلَانٍ وَفُلَانٍ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله قُلْنَا السَّلَامُ عَلَى اللهِ قَإِنَّ اللهَ هُو السَّلَامُ وَلَكِنْ إِذَا جَلَسَ أَحَدُكُمْ عليه وسلم " لَا تَقُولُوا السَّلَامُ عَلَى اللهِ فَإِنَّ اللهَ هُو السَّلَامُ وَلَكِنْ إِذَا جَلَسَ أَحَدُكُمْ فَلْيَقُلِ التَّحِيَّاتُ للهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ فَلْيَقُلُ التَّحِيَّاتُ للهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عَبَادِ اللهِ الصَّالِحِينَ فَإِنَّكُمْ إِذَا قُلْتُمْ ذَلِكَ أَصَابَ كُلَّ عَبْدِ صَالِحٍ فِي السَّمَاءِ وَالأَرْضِ \_ أَقْ بَيْنَ السَّمَاءِ وَالأَرْضِ \_ أَشْهَدُ أَنْ لَا إِلَهُ إِلَا اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا السَّمَاءِ وَالأَرْضِ \_ أَشْهُدُ أَنْ لَا إِلَهَ إِلَا اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ ثُمَّ لْيَتَخَيَّرْ أَحَدُكُمْ مِنَ الدُّعَاءِ أَعْجَبَهُ إِلَيْهِ فَيَدْعُو بِهِ "

\_ صحيح: ق

#### বাংলা

৯৬৮। 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন সালাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তাশাহহুদের বৈঠকে বসতাম তখন বলতাম, ''বান্দাদের পূর্বে আল্লাহর প্রতি সালাম, তারপর অমুক ও অমুকের প্রতি সালাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা ''আল্লাহর প্রতি সালাম বর্ষিত হোক'' এরূপ বলো না। কেননা আল্লাহ নিজেই সালাম বা শান্তিদাতা। বরং তোমরা সালাতের তাশাহহুদের বৈঠকে বসে বলবে, ''আত্তাহিয়্যাতু লিল্লাহি ওয়াস্সলাওয়াতু ওয়াত্-ত্নায়্যিবাতু। আসসালামু 'আলাইকা আইউহান্ নাবিয়্যু ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। আস্সালামু 'আলাইনা ওয়া 'আলা 'ইবাদিল্লাহিস সালিহীন''

(অর্থঃ আমাদের সব সালাম ও অভিবাদন, সালাত ও দু'আ এবং পবিত্রতা মহান আল্লাহর জন্য। হে নবী! আপনার



উপর সালাম, আল্লাহর রহমত ও কল্যাণ বর্ষিত হোক। আমাদের ও আল্লাহর সকল নেক বান্দার উপর শান্তি বর্ষিত হোক)। কেননা তোমরা যখন এটা পাঠ করবে তখন তা আসমান ও যমীন অথবা আসমান ও যমীনের মাঝে আল্লাহর যত নেক বান্দা আছে সবার নিকটেই পৌছে যাবে। "আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহু ওয়া আশহাদু আলা মুহাম্মাদান 'আবদুহু ওয়া রসূলুহু"- (অর্থঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া অন্য কোন ইলাহ নাই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ আল্লাহর বান্দা ও রসূল)। এরপর তোমরা নিজেদের পছন্দ অনুযায়ী দু'আ পাঠ করবে।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

### **English**

'Abd Allah b. Mas'ud said:

when we (prayed and) sat up during prayer along the Messenger of Allah (may peach be upon him), we said: "Peace be to Allah before it is supplicated for His servants; peace be to so and so. "The Messenger of Allah () said: Do not say "Peace be to Allah ,"for Allah Himself is peace. When one of you sits(during the prayer), he should say: The adoration of the tongue are due to Allah, and acts of worship and all good things. Peace be upon you, O Prophet, and Allah's mercy and His blessings. Peace be upon us and upon Allah's upright servants. When you say that, it reaches every upright servant in heavens and earth or between heavens and earth. I testify that there is no god but Allah, and I testify that Muhammad is His servant and apostle. Then he may choose any supplication which pleases him and offer it.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ তাশাহহুদের পর যে দু'আটি বেছে নেয়া হয়, অথচ তা আবশ্যক নয়, হাঃ ৮৩৫), মুসলিম (অধ্যায় : সালাত. অনুঃ সালাতে তাশাহহুদ) উভয়ে আবু ওয়ায়িল হতে..।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন